

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ২২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ০৬ শ্রাবণ, ১৪২২ বঙ্গাব্দ/২১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৩২-আইন/২০১৫।—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৬ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ৩০ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৬৯-আইন/২০১৫ দ্বারা বিনাইদহ জেলার বিনাইদহ পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণার অভিপ্রায় ব্যক্ত করিয়াছে এবং উক্ত প্রজ্ঞাপন প্রকাশিত হইবার তারিখ হইতে অনূর্ধ্ব এক মাসের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে উক্তরূপ অভিপ্রায় প্রস্তাবের বিরুদ্ধে সরকারের বরাবরে লিখিত আপত্তি উত্থাপন করিতে পারিবে মর্মে নির্দেশনা প্রদান করিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৩) এর অধীন উত্থাপিত আপত্তি নিষ্পন্ন করিয়া সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিল, যথা:—

তফসিল

ক্রঃ নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল নং	নতুন সম্প্রসারিত এলাকাভুক্ত দাগসমূহ
(১)	পাগলা কানাই	গয়েশপুর	১২৬	০১-৬৩৫, ৭৪৮, ৭৫০, ৭৫২, ৭৫৯-৭৬১
		কোরাপাড়া	১২৭	০১-২৯২
(২)	সুরাট	লাউদিয়া	১২৯	০১-০৫, ৭-৫০৮, ৫১০-১৪৮১।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খলিলুর রহমান

উপসচিব।

মোস্তফা কামাল, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৫৯৪৯)

মূল্য : টাকা ৪.০০